



বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

Bangladesh Legal Aid and Services Trust (BLAST)

তারিখ: ৫ ফেব্রুয়ারী ২০১৯

প্রেস বিজ্ঞপ্তি

সড়ক দুর্ঘটনায় দায়ী সংশ্লিষ্ট মন্ত্রণালয় ক্ষতিপূরণ বাবদ ৫০ লাখ টাকা কেন দিবে না তা জানতে চেয়ে রুল জারি এবং দুর্ঘটনায় নিহত ৪ শিশুর পরিবারকে ১ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদানের জন্য হাইকোর্টের নির্দেশনা

আজ ০৫ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ মহামান্য হাইকোর্ট বিভাগের মাননীয় বিচারপতি শেখ হাসান আরিফ এবং মাননীয় বিচারপতি রাজিক আল জলিলের সমন্বয়ে গঠিত ডিভিশন বেঞ্চ জনস্বার্থে দায়েরকৃত রীট মামলা নং ১২১৪/১৯ এর প্রাথমিক শুনানী শেষে সংশ্লিষ্ট বিবাদীরা ক্ষতিপূরণ বাবদ কেন ৫০ লাখ টাকা প্রদান করবে না তা জানতে চেয়ে রুল জারি করেছেন।

ইতোমধ্যে অর্ন্তবর্তীকালীন হিসেবে নির্দেশনা দানের ১৫ দিনের মধ্যে সড়ক দুর্ঘটনায় নিহত ব্যক্তিদের পরিবারকে ১ লাখ টাকা ক্ষতিপূরণ প্রদানের জন্য সচিব-স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সচিব- সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, চেয়ারম্যান-বিআরটিএ এর প্রতি নির্দেশনা দান করেছেন।

গত ০৩ ফেব্রুয়ারী ২০১৯ ইং তারিখ চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন (সিসিবি ফাউন্ডেশন) এর চেয়ারম্যান এবং বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট) এর পক্ষে আইনজীবী ব্যারিস্টার আবদুল হালিম রীট মামলা নং ১২১৪/১৯ (চিলড্রেন চ্যারিটি বাংলাদেশ ফাউন্ডেশন ও অন্যান্য বনাম বাংলাদেশ ও অন্যান্য) দায়ের করেন এবং আবেদনকারীর পক্ষে মামলাটি পরিচালনা করেন। রাষ্ট্র পক্ষে ছিলেন ডেপুটি এটর্নি জেনারেল জনাব মোখলেসুর রহমান।

উল্লেখ্য যে, গত ২২ জানুয়ারী ২০১৯ ইং তারিখে চট্টগ্রামের হালিশহর গ্রীনভিউ আবাসিক এলাকার সরকারি কলেজিয়েট স্কুলের অষ্টম শ্রেণিতে অধ্যয়নরত কাজী মাহমুদুর রহমান (১৪) টেম্পোতে করে বাসা থেকে স্কুলে যাওয়ার পথে কদতমতলী ফ্লাইওভারে ওঠার সময় একটি অটো রিকশার সঙ্গে ওই টেম্পোর মুখোমুখি সংঘর্ষে মৃত্যু বরণ করে। এ ঘটনার মাত্র ৫দিন আগে গত ১৬ জানুয়ারি ২০১৯ ইং তারিখে সকালে চট্টগ্রাম নগরীর কোতায়ালি মোড়ে কাভার্ডভ্যানের চাপায় সিটি কলেজের একাদশ শ্রেণির শিক্ষার্থী সোমা বড়ুয়া (১৮) নিহত হয়। অপর একটি মর্মান্তিক দুর্ঘটনায় গত ২৮ জানুয়ারী ২০১৯ ইং তারিখ ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জ উপজেলায় ঢাকা-মাওয়া সহসড়কে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী দুই ভাই-বোন হাসনাবাদ কসমোপলিটন স্কুল অ্যাড কলেজের ষষ্ঠ শ্রেণির ছাত্রী আফরিন (১২) ও তার ছোট ভাই একই স্কুলের চতুর্থ শ্রেণির ছাত্র আফসার উদ্দিন (১০) বাবা ডালিম এর সাথে স্কুল থেকে বাড়ির উদ্দেশ্যে যাওয়ার সময় রাজেন্দ্রপুর মোল্লার পুল এলাকায় পৌঁছালে একটি বেপরোয়া গতির ট্রাক তাদের চাপা দিয়ে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলেই দুই ভাই-বোনের মৃত্যু হয়।

বার্তা প্রেরক

আসমা উল হোসনা

কমিউনিকেশনস স্পেশালিস্ট

বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট)

asma@blast.org.bd

আরো তথ্যের জন্য যোগাযোগ করুন:

১. মাহবুবা আক্তার, উপ-পরিচালক (এডভোকেসী ও কমিউনিকেশনস), বাংলাদেশ লিগ্যাল এইড এন্ড সার্ভিসেস ট্রাস্ট (ব্লাস্ট),
mahbuba@blast.org.bd
২. এডভোকেট ব্যারিস্টার আবদুল হালিম, ইমেইল : halim_md@yahoo.co.uk